

পিরোজপুর পৌরসভা কার্যালয়

পিরোজপুর

পি.পৌ

স্মারক নং ২০২১/৫৪৬ (১০)

তারিখ : ১২/১০/২০২১ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ পৌর-২ শাখা এর ২৪/০২/২০০৫ইং তারিখ পৌর-২/সাধা-১৫/২০০৩/১৮২নং স্মারকের নির্দেশনা অনুযায়ী পিরোজপুর পৌরসভার কর্মচারীর অবসর ও মৃত্যুজনিত কারণে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে লোক নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
০১	সার্ভেয়ার	০১	৯,৭০০-২৩,৪৯০/- (গ্রেড-১৫)	স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সার্ভেয়ারশীপ অথবা সাব-ওভারশীপ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।
০২	বৈদ্যুতিক লাইনম্যান	০১	৮,৮০০-২১,৩১০/- (গ্রেড-১৮)	স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হইতে বৈদ্যুতিক সংযোগ কাজে প্রশিক্ষণ কোর্সের সনদপত্র প্রাপ্ত। অবশ্যই 'বি' শ্রেণির বৈদ্যুতিক ওয়ার্ক পারমিট থাকিতে হইবে। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণী পাস হইতে হইবে।
০৩	এম,এল,এস,এস	০২	৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০)	৮ম শ্রেণী পাস।

শর্তাবলী :

- আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজিতে) (খ) পিতা/স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অনুযায়ী) (ছ) ০৮/১১/২০২১ইং তারিখ প্রার্থীর বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (পাশের সন/বিভাগ/শ্রেণী উল্লেখপূর্বক) (ট) কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) (ঠ) অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) ইত্যাদি উল্লেখপূর্বক মেয়র, পিরোজপুর পৌরসভা, পিরোজপুর বরাবর আবেদন করতে হবে।
- প্রার্থীকে আবেদনের সাথে নিম্নবর্ণিত সনদের ফটোকপি/কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম পদবি ও সীলসহ) কর্তৃক সত্যায়িত করে সংযোজন করতে হবে :
(ক) শিক্ষাগত যোগ্যতার সনদ।
(খ) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(গ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি।
- মেয়র, পিরোজপুর পৌরসভা, পিরোজপুর-এর অনুকূলে ০১ হইতে ০২নং ক্রমিকে ৫০০/- (পাঁচ শত) টাকা এবং ০৩নং ক্রমিকে ৩০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার দরখাস্তের সহিত সংযুক্ত করিতে হইবে।
- ০৮/১১/২০২১ইং তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষাদের ক্ষেত্রে বয়সের সর্বোচ্চ সীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এক্সিডেভিট গ্রহণ যোগ্য হবে না।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষা হলে প্রার্থীকে সরকার কর্তৃক নির্ধারিত উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত মূল সনদপত্রের (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদপত্র অথবা বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের প্রধান উপদেষ্টা মাননীয় প্রধান মন্ত্রীর প্রতিস্বাক্ষরিত) সত্যায়িত কপি দাখিল করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন মুক্তিযুদ্ধ সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না।
- এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর/উপজেলা সমাজ সেবা অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্র জমা দিতে হবে।
- আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদেরকে আবেদনের সাথে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।
- উপজাতি প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- মেয়র, পিরোজপুর পৌরসভা, পিরোজপুর বরাবর সম্বোধন করে লিখিত আবেদনপত্র অবশ্যই আগামী ০৮/১১/২০২১ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে মেয়র, পিরোজপুর পৌরসভা, পিরোজপুর বরাবর পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ যোগ্য হবে না।
- চাকুরিরত প্রার্থীদেরকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে।
- খামের উপর স্পষ্ট অক্ষরে পদের নাম লিখতে হবে। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনকারীর নাম ও ঠিকানা লিখিত ১৫ টাকার অব্যবহৃত ডাক টিকিট লাগানো ১০.৫×৪.৫ ইঞ্চি সাইজের একটি আলাদা খাম আবেদনের সাথে দাখিল করিতে হবে।
- কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থানে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ ডিএ প্রদান করা হবে না।
- সাক্ষাৎকার গ্রহণকালীন সময় প্রার্থীকে অবশ্যই সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন, শর্ত সংশোধন বা নিয়োগ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

জনাব আলহাজ্ব মোঃ হাবিবুর রহমান মালেক

মেয়র

পিরোজপুর পৌরসভা

পিরোজপুর